নীতির প্রশ্নে আপোসহীন
দৈনিক জনকণ্ঠ

তারিখঃ ০৯-১২-২০২৩ (পৃঃ১৩)

# গাজীপুরে ব্রি পরিদর্শন করলেন এফএও প্রতিনিধি দল

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর একটি প্রতিনিধি দল শুক্রবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। এ সময় প্রতিনিধি দলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। এর আগে এফএও এর পরামর্শক সোনম তোবগে-এর নেতৃত্বে প্রতিনিধি দলটি ব্রি সদর দপ্তরে পৌঁছলে তাদের স্বাগত জানান ব্রির মহাপরিচালক। মতবিনিময় সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার ইফতেখারুদ্দৌলা। ধন্যবাদ জ্ঞাপন করেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. আব্দুল লতিফ, উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, সফররত প্রতিনিধি দলের সদস্যবৃন্দ, ব্রির সকল বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।